



কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
Cox's Bazar Palli Bidyut Samity

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংড়া, কক্সবাজার।

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

স্মারক নং-২৭.১২.২২২৪.৫১৫.০১.০৩৮.২৩. ২৭৩৮

তারিখ : ১১ শ্রাবণ' ১৪৩০ বাংলা
২৬ জুলাই' ২০২৩ খ্রিঃ

টায়ার ক্রয়ের রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি।

Bridgestone Tyre ক্রয়ের জন্য অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে প্রকৃত সরবরাহকারী/ঠিকাদারী/আমদানিকারক প্রতিষ্ঠানের নিকট হতে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ০১টি ডাবল কেবিন পিক-আপ এবং একটি সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ীর জন্য (রেজি নং- কক্সবাজার-ঠ-১১-০০১৩ এবং কক্সবাজার-ঠ-১১-০০০৮) নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী ১০টি টায়ার (টিউব লেস) ক্রয়ের নিমিত্তে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক	মালামালের বিবরণ	পরিমাণ (টি)	উদ্ধৃত মূল্য	
			একক মূল্য	মোট মূল্য (টাকা)
০১।	Bridgestone Tyre (Tubeless) Size: 235/75R-15 Country of Origine: Thailand	১০টি		
কথায়:-			মোট=	

শর্তাবলী:-

- আগামী ০৩/০৮/২০২৩ খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সিল মোহরকৃত খামে দরপত্র কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, ঝিলংড়া, কক্সবাজার এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ঝিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা হবে না।
- প্রাপ্ত দরপত্রসমূহ কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, ঝিলংড়া, কক্সবাজার এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ঝিলক্ষেত, ঢাকায় দরপত্র দাখিলের দিনই অর্থাৎ ০৩/০৮/২০২৩ খ্রি: তারিখ রোজ সোমবার বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে "টায়ার সরবরাহের দরপত্র" কথাটি লিখে সিলমোহরকৃত খামে দর দাখিল করতে হবে।
- স্পেসিফিকেশন বহির্ভূত মালামালের দরপত্র দাখিল করলে তা সরাসরি বাতিল করা হবে। উল্লেখিত স্পেসিফিকেশনে কোন প্রকার পরিবর্তন করে দর দাখিল করা যাবে না।
- দরপত্রের সাথে হালনাগাদ (ক) ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট রেজিস্ট্রেশন (গ) ব্যাংক সলভেন্সী ও (ঘ) আয়কর সনদ এর ফটোকপি প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- দরপত্রে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা করা হলে তা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে পরবর্তী ১৫ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে। মালামাল সরবরাহের পর অত্র পবিসের মালামালের গুণগত মান নির্ধারন কমিটির সন্তোষজনক প্রত্যয়ন স্বাপেক্ষে গ্রহন করা হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশের মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- সরবরাহকৃত মালামাল (টায়ার) অবশ্যই স্পেসিফিকেশনে উল্লেখিত বর্ণনা অনুযায়ী শতভাগ নতুন ও ক্রুটিমুক্ত হতে হবে। ক্রুটি যুক্ত ও স্পেসিফিকেশন বহির্ভূত কোন মালামাল গ্রহণ করা হবে না।

৯

- ১০। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/আয় কর কর্তন করা হবে।
- ১১। কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন/ সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১২। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

২৬/৭/২৩
(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

- ০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৪। পুলিশ সুপার, কক্সবাজার।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, কক্সবাজার।
- ০৮। ডিজিএম, টেকনাফ জোনাল অফিস, কক্সবাজার পবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার। নির্ধারিত তারিখে কক্সবাজার পবিসের সদর দপ্তরে উপস্থিত হয়ে প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়ন করবেন।
- ১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস।
- ১১। এজিএম (আইটি-১/২), কক্সবাজার পবিস, (বিজ্ঞপ্তিটি কক্সবাজার পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
- ১২। মেসার্স
- ১৩। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd
- ১৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

২৬/৭/২৩
(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার